


□ মরুকরণ বা ডেজার্টিফিকেশন বলতে কি বোঝায়? মরুভূমি সম্প্রসারিত হয় কেন?  
ধারাবাহিকভাবে মরুভূমির আয়তন বৃদ্ধিকে মরুকরণ বা desertification বলে। বর্তমানে পৃথিবীর  
প্রায় ২০% অঞ্চল, ১০০টি দেশ এবং ১০ কোটি মানুষ মরুভূমির সম্প্রসারণের জন্য ক্ষতি স্বীকার



করে চলেছে। বিজ্ঞানীরা হিসাব করে দেখেছেন যে, প্রতি বছর প্রায় ২ লক্ষ বর্গ কিলোমিটার অঞ্চল মরুভূমির অঙ্গুর্গত হচ্ছে। ফলে শুধু কৃষিক্ষেত্রেই আর্থিক ক্ষতির পরিমাণ বছরে প্রায় ১৩ হাজার কোটি টাকা।



#### ◆ মরুভূমির সম্প্রসারণের কারণ :

- (১) মরুভূমি সংলগ্ন অঞ্চলে অবৈজ্ঞানিক প্রথায় চাষ-আবাদ।
- (২) অতিরিক্ত পশুচারণ।
- (৩) পতিত জমিকে কৃষিকাজের আওতায় আনা (বৃষ্টিপাতের পরিমাণ যেখানে কম এবং বাষ্পীভবনের মাত্রা বেশি, সেখানে মাটিতে বরাবর লাঙ্গল দিলে, মাটির রস খুব তাড়াতাড়ি শুকিয়ে যায়। মাটি শুকনো বুরবুরে হয়ে যায়)।
- (৪) অবৈজ্ঞানিক ভাবে গাছ কেটে ফেলা।
- (৫) মাটিতে অতিরিক্ত কীটনাশক ও বেশি করে রাসায়নিক সার দেওয়া।
- (৬) মরু অঞ্চলে অনিয়ন্ত্রিত জলসেচ (এর ফলে মাটি লবণাক্ত হয় ও কৃষির অযোগ্য হয়ে পড়ে)।

#### □ মরুভূমি সম্প্রসারণ বা মরুকরণ রোধ করার উপায় কি?

মরুভূমির সম্প্রসারণ বন্ধ করার প্রত্যক্ষ উপায় নেই। কারণ সারা পৃথিবী জুড়ে যেভাবে উষ্ণতা বেড়ে চলেছে, তাতে মরুভূমির আশে পাশের জায়গা ধীরে ধীরে শুকনো রুক্ষ হয়ে মরুভূমির কবলে পড়ছে। তবে মরুভূমির সম্প্রসারণ নিয়ন্ত্রণ করা যায়। তার জন্য যে সমস্ত পদক্ষেপ বিজ্ঞানীরা নিয়ে থাকেন, সেগুলি হল— (১) নিয়ন্ত্রিত পশুচারণ; (২) বৈজ্ঞানিক প্রথায় চাষ, ধরা-প্রতিরোধী শস্যের উৎপাদন; (৩) বৃক্ষরোপণ; (৪) জলসেচের উপযুক্ত বন্দোবস্ত; (৫) ভূমির বহন ক্ষমতা অনুসারে জমি-ব্যবহারের পরিকল্পনা।

ভারতে থর মরুভূমি যাতে রাজস্থানের মধ্যে আরও আকারে আয়তনে বাড়তে না পারে, তার জন্য যোধপুরে “সেন্ট্রাল এরিড জোন রিসার্চ ইন্সটিটিউট (Central Arid Zone Research Institute—CAZRI) নামে একটি সংস্থা গড়ে তোলা হয়েছে। এই গবেষণা সংস্থার তত্ত্বাবধানে থর মরুভূমির সম্প্রসারণ অনেক নিয়ন্ত্রিত হয়েছে।